নাম: ________________________________

Bengali Edition
Grade 8 2026
Mathematics Test
Session 1
Spring 2026

নিউ ইয়র্ক রাজ্যের পরীক্ষাগ্রহণ কার্যক্রম গণিত পরীক্ষা সেশন 1

গ্রেড 8

বসন্ত 2026

RELEASED QUESTIONS

Developed and published under contract with the New York State Education Department by NWEA, a division of HMH, 125 High St., Boston, MA 02110. Copyright © 2026 by the New York State Education Department.

সেশন 1

পরীক্ষা দেবার কিছু পরামর্শ

তুমি যাতে সবচেয়ে ভালো করতে পারো সেজন্য এখানে কিছু ধারণা দেওয়া হলো:

- প্রতিটি প্রশ্ন মনোযোগ সহকারে পড়ো। সময় নাও।
- তোমার প্রশ্নের উত্তর দিতে যদি প্রয়োজন হয় তাহলে তোমাকে দেওয়া রুলার, চাঁদা, রেফারেন্স শিট ও ক্যালকুলেটর ব্যবহার করো।

1 নিচে দেখানো সন্নিবেশ সমতলে ত্রিভুজ ABC অঙ্কন করা হয়েছে। ত্রিভুজ $A'B'C'$ তৈরি করার জন্য ত্রিভুজ ABC-কে 4 একক বামে ও 2 একক উপরে সরানো হবে।



শীর্ষবিন্দু A' -এর স্থানাঙ্ক কী হবে?

A $(0, -1)$

B $(2, 1)$

C $(-1, 7)$

D $(-6, 5)$

চলতে থাকুন

2 মিসেস হুইটলি দুটি ভিন্ন দোকানে পাউন্ডে বিক্রি হওয়া আপেলের দাম তুলনা করছেন।

- স্টোর A তে ডলারে বিক্রি হওয়া x পাউন্ড আপেলের দাম y সমীকরণ $y = 1.50x$ দ্বারা প্রকাশ করা হয়েছে।
- স্টোর B তে বিক্রি হওয়া আপেলের পাউন্ডের দাম নিচে দেখানো গ্রাফে প্রকাশ করা হয়েছে।



প্রদত্ত তথ্যের ভিত্তিতে কোন বিবৃতিটি সত্য?

A স্টোর A-তে প্রতি পাউন্ডের দাম $0.75 বেশি।

B স্টোর B-তে প্রতি পাউন্ডের দাম $0.75 বেশি।

C স্টোর A-তে প্রতি পাউন্ডের দাম $3.00 বেশি।

D স্টোর B-তে প্রতি পাউন্ডের দাম $3.00 বেশি।

চলতে থাকুন

3 নিচের কোন রাশিটি $\frac{12^{20}}{12^{4}}$ -এর সমতুল্য?

A 1^{5}

B 1^{16}

C 12^{5}

D 12^{16}

চলতে থাকুন

4 একটি স্কুল একটি নাটকের টিকিট বিক্রি করে। নীচের গ্রাফে প্রদর্শিত তথ্যটি প্রতিদিন y বিক্রি হওয়া টিকেটের সংখ্যা x দেখায়। প্রদত্ত তথ্যের মধ্যে সম্পর্ক সবচেয়ে ভালোভাবে দেখানোর জন্য রেখার সমীকরণ $y = -2x + 29$ আঁকা হয়েছে।



রেখা সমীকরণের ভিত্তিতে, নিচের কোন বিবৃতিটি টিকেট বিক্রির পূর্বাভাস কার্যকর ভাবে প্রদর্শন করে?

A যেহেতু প্রতিদিন বিক্রি হওয়া টিকেটের সংখ্যা 29 করে কমে, তাই দিন 12-এ 9টি টিকেট বিক্রি হওয়ার পূর্বাভাস দেওয়া যায়।

B যেহেতু প্রতিদিন বিক্রি হওয়া টিকেটের সংখ্যা 29 করে কমে, তাই দিন 12-এ 5টি টিকেট বিক্রি হওয়ার পূর্বাভাস দেওয়া যায়।

C যেহেতু প্রতিদিন বিক্রি হওয়া টিকেটের সংখ্যা 2 করে কমে, তাই দিন 12-এ 9টি টিকেট বিক্রি হওয়ার পূর্বাভাস দেওয়া যায়।

D যেহেতু প্রতিদিন বিক্রি হওয়া টিকেটের সংখ্যা 2 করে কমে, তাই দিন 12-এ 5টি টিকেট বিক্রি হওয়ার পূর্বাভাস দেওয়া যায়।

চলতে থাকুন

5 কোন মানটি অযৌক্তিক?

A 0

B π

C $\sqrt{9}$

D $\frac{1}{3}$

6 একটি টমেটোর ক্যানের মাপ নিচের চিত্রে দেখানো হয়েছে।



ক্যানটির আয়তন নিকটতম ঘন সেন্টিমিটারে কত?

A 110

B 220

C 385

D 1,539

চলতে থাকুন

7 ত্রিভুজ ABC-এর বাহুগুলোর দৈর্ঘ্য 9 ইঞ্চি, 12 ইঞ্চি, ও 15 ইঞ্চি। কোন সমীকরণ প্রমাণ করে যে এটি একটি সমকোণী ত্রিভুজ?

A $\sqrt{9} + \sqrt{12} = 15$

B $\sqrt{9} + \sqrt{12} = \sqrt{15}$

C $(9 + 12)^2 = 15^2$

D $9^2 + 12^2 = 15^2$

চলতে থাকুন

8 নিচে দেখানো সন্নিবেশ সমতলে একটি রেখা আঁকা হয়েছে।



সন্নিবেশ সমতলে প্রদর্শিত রেখাটি নিচের কোন সমীকরণ দ্বারা দেখানো হচ্ছে?

A $y = \frac{1}{2}x - 3$

B $y = 3x - \frac{1}{2}$

C $y = -3x + 6$

D $y = -\frac{1}{2}x + 3$

চলতে থাকুন

10 আয়তক্ষেত্র JKLM ও PQRS নিচের সন্নিবেশ সমতলে দেখানো হয়েছে।



রূপান্তরের কোন ক্রম ব্যবহার করলে দেখানো যাবে যে আয়তক্ষেত্র JKLM-এর সাথে আয়তক্ষেত্র PQRS-এর সাদৃশ্য রয়েছে তবে এই দুটো সর্বসম নয়?

A আয়তক্ষেত্র JKLM-কে y-অক্ষের উপর প্রতিফলন করা হবে, তারপর মূলবিন্দুতে কেন্দ্র করে 2 মানের স্কেল ফ্যাক্টর দিয়ে প্রসারণ করা হবে।

B আয়তক্ষেত্র JKLM-কে y-অক্ষের উপর প্রতিফলন করা হবে, তারপর মূলবিন্দুতে কেন্দ্র করে $\frac{1}{2}$ মানের স্কেল ফ্যাক্টর দিয়ে প্রসারণ করা হবে।

C আয়তক্ষেত্র JKLM-কে মূলবিন্দু কেন্দ্র করে ঘড়ির কাঁটার বিপরীত দিকে 90° ঘুরানো হবে, তারপর মূলবিন্দুতে কেন্দ্র করে 2 মানের স্কেল ফ্যাক্টর দিয়ে প্রসারণ করা হবে।

D আয়তক্ষেত্র JKLM-কে মূলবিন্দু কেন্দ্র করে ঘড়ির কাঁটার বিপরীত দিকে 90° ঘুরানো হবে, তারপর মূলবিন্দুতে কেন্দ্র করে $\frac{1}{2}$ মানের স্কেল ফ্যাক্টর দিয়ে প্রসারণ করা হবে।

চলতে থাকুন

11 কোন সম্পর্কটি একটি ফাংশন **নয়**?

A


B


C


D


12 নিচের কোন সমীকরণটির অসীম সংখ্যক সমাধান আছে?

A $2x - 1 = 2(x - 1)$

B $2x - 2 = 2(x - 1)$

C $2x - 3 = 3(x - 1)$

D $2x + 3 = 3(x - 1)$

চলতে থাকুন

13 ইঞ্চির হিসেবে নিচে দেওয়া বাহুর কোন দৈর্ঘ্যগুলো একটি ত্রিভুজ তৈরি করবে?

A $3, 5, 10$

B $4, 9, 14$

C $5, 7, 10$

D $6, 7, 14$

14 নিচের কোন সমীকরণটি একটি একরৈখিক ফাংশনের প্রতিনিধিত্ব করে?

A $y = 2x$

B $y = 2x^3$

C $y = x^2 - 2$

D $y = x^2 - x$

চলতে থাকুন

15 নিচের কোন রাশিটি $(5^2)(7^{-2})(5^4)$ -এর সমতুল্য?

A $\frac{5^6}{7^2}$

B $\frac{25^6}{7^2}$

C 17^4

D 175^4

চলতে থাকুন

17 ত্রিভুজ ABC ও ত্রিভুজ EFG নিচে দেখানো হলো।





নিচের কোন বিবৃতিটি ত্রিভুজ EFG-এর কোণ F ও বাহু FG-এর পরিমাপ বর্ণনা করে?

A কোণ F হলো $39°$ এবং বাহু FG হলো 201 সেমি।

B কোণ F হলো $19.5°$ এবং বাহু FG হলো 201 সেমি।

C কোণ F হলো $19.5°$ এবং বাহু FG হলো 100.5 সেমি।

D কোণ F হলো $39°$ এবং বাহু FG হলো 100.5 সেমি।

চলতে থাকুন

18 একটি ফাংশনের গ্রাফ নিচে দেখানো হলো।



এই ফাংশনটি সম্পর্কে নিচের কোন বিবৃতিটি সঠিক?

A ফাংশনটি ধ্রুবক যখন -6 কম হয় x থেকে।

B ফাংশনটি হ্রাস পাচ্ছে যখন 2-এর চেয়ে x বড়।

C ফাংশনটি বৃদ্ধি পাচ্ছে যখন 2-এর চেয়ে x বড়।

D ফাংশনটি হ্রাস পাচ্ছে যখন x-এর মান -6 ও 2-এর মধ্যে।

19 মাইলা একটি তহবিল সংগ্রহের অনুষ্ঠানে হট চকলেট বিক্রি করে। ফাংশন $y = 3x + 30$ দিয়ে তার সংগৃহীত মোট অর্থ y দেখানো হয়েছে এবং এতে x কাপ হট চকলেট বিক্রির লাভ ও অনুষ্ঠানে দেওয়া একটি অনুদান রয়েছে। পরিস্থিতি সম্পর্কে নিচের কোন বিবৃতিটি সঠিক?

A প্রতি কাপে লাভ হলো \$3.00 এবং সে 30 কাপ বিক্রি করেছে।

B সে 3 কাপ বিক্রি করেছে এবং প্রতি কাপে লাভ হলো \$30.00।

C প্রতি কাপে লাভ হলো \$3.00 এবং অনুদানের পরিমাণ হলো \$30.00।

D অনুদানের পরিমাণ হলো \$3.00 এবং প্রতি কাপে লাভ হলো \$30.00।

চলতে থাকুন

20 কোন সমীকরণটি $(0, 9)$ ও $(3, 0)$ বিন্দুগুলোর মধ্য দিয়ে যাওয়া রেখাকে প্রকাশ করে?

A $y = -3x + 3$

B $y = -3x + 9$

C $y = -\left(\frac{1}{3}\right)x + 3$

D $y = -\left(\frac{1}{3}\right)x + 9$

21 নিচে একটি সমীকরণ দেখানো হয়েছে।

$$3x - 2 = 7(x + 5)$$

x-এর মান কত?

A $-\frac{37}{4}$

B $-\frac{7}{4}$

C $\frac{3}{10}$

D $\frac{33}{10}$

চলতে থাকুন

22 নিচের সন্নিবেশ সমতলে দেখানো ত্রিভুজ ABC ও ত্রিভুজ DEF সর্বসম।



রূপান্তরের কোন ক্রমটি ত্রিভুজ ABC-কে ত্রিভুজ DEF-এর উপর স্থানান্তরিত করবে?

A x-অক্ষের উপর প্রতিফলন এবং তারপর 1 একক ডানে ও 5 একক নিচে স্থানান্তর

B x-অক্ষের উপর প্রতিফলন এবং তারপর 5 একক ডানে ও 1 একক নিচে স্থানান্তর

C y-অক্ষের উপর প্রতিফলন এবং তারপর 5 একক ডানে ও 1 একক নিচে স্থানান্তর

D y-অক্ষের উপর প্রতিফলন এবং তারপর 1 একক ডানে ও 5 একক নিচে স্থানান্তর

চলতে থাকুন

23 দুটি ছেদকারী রেখা নিচের চিত্রে দেখানো কোণগুলো তৈরি করেছে।



x-এর মান কত?

A 20

B 26.25

C 32.5

D 48.75

চলতে থাকুন

25 ত্রিভুজ ABC-কে মূলবিন্দুর চারপাশে ঘড়ির কাঁটার দিকে ঘুরিয়ে ত্রিভুজ XYZ তৈরি করা হয়েছে, যা নিচের সন্নিবেশ সমতলে দেখানো হয়েছে।



কোন বিবৃতিটি সঠিক?

A $\angle A \cong \angle Y$

B $\angle B \cong \angle Y$

C $\angle B \cong \angle Z$

D $\angle C \cong \angle X$

26 নিচে দেখানো সন্নিবেশ সমতলে একটি একরৈখিক ফাংশান আঁকা হয়েছে।



এই ফাংশনটি সম্পর্কে নিচের কোন বিবৃতিটি সঠিক?

A পরিবর্তনের হার $\frac{2}{3}$ এবং y-অক্ষের ছেদবিন্দু 4।

B পরিবর্তনের হার $\frac{2}{3}$ এবং y-অক্ষের ছেদবিন্দু 6।

C পরিবর্তনের হার $-\frac{2}{3}$ এবং y-অক্ষের ছেদবিন্দু 4।

D পরিবর্তনের হার $-\frac{2}{3}$ এবং y-অক্ষের ছেদবিন্দু 6।

চলতে থাকুন

27 মিগুয়েল একটি ইভেন্টের জন্য একটি ফটোবুথ ভাড়া করার খরচ তুলনা করছেন। দুটি কোম্পানির খরচ নিচে বর্ণনা করা হলো।

- কোম্পানি A-এর খরচের মধ্যে রয়েছে একটি $\$180.00$ সেট-আপ ফি এবং প্রতি ঘন্টায় অতিরিক্ত $\$49.00$।
- কোম্পানি B-এর খরচ সমীকরণ দ্বারা দেখানো হলো $c = 99h + 150$, যেখানে c হলো ডলারে h ঘন্টার খরচ।

নিচের কোন বিবৃতিটি ফটোবুথ ভাড়ার খরচের সঠিক তুলনা করে?

A কোম্পানি A কোম্পানি B-এর চেয়ে প্রতি ঘন্টায় $\$30.00$ বেশি চার্জ করে।

B কোম্পানি B কোম্পানি A-এর চেয়ে প্রতি ঘন্টায় $\$50.00$ বেশি চার্জ করে।

C কোম্পানি A কোম্পানি B-এর চেয়ে প্রতি ঘন্টায় $\$50.00$ বেশি চার্জ করে।

D কোম্পানি B কোম্পানি A-এর চেয়ে প্রতি ঘন্টায় $\$30.00$ বেশি চার্জ করে।

চলতে থাকুন

29 নিচে দেখানো সন্নিবেশ সমতলে ত্রিভুজ ABC অঙ্কন করা হয়েছে। ত্রিভুজ ABC-কে 4 একক বামে এবং 3 একক উপরে স্থানান্তরিত করা হয়েছে, যার ফলে ত্রিভুজ $A'B'C'$ তৈরি হয়েছে।



ইউনিট পরিমাপে $A'B'$ বাহুর দৈর্ঘ্য কত?

A 2

B 6

C 7

D 9

30 যুগল পর্বের একটি সেট নিচে দেখানো হলো।

$$\{(1,4),\ (2,5),\ (3,4),\ (k,6)\}$$

k-এর কোন মান যুগল পর্বের সেটটিকে একটি ফাংশন বানিয়ে দেয়?

A 1

B 2

C 3

D 4

31 নিচে প্রদর্শিত চিত্রে, a রেখা b রেখার সমান্তরাল, এবং q ও t রেখা দুটি হলো ছেদক।



চিত্রে কোণ 1-এর পরিমাপ হলো 79° কোণ 3-এর পরিমাপ হলো 128°। 2 কোণের পরিমাপ ডিগ্রিতে কত?

A 49

B 52

C 101

D 128

চলতে থাকুন

32

নিচে একটি সমীকরণ দেখানো হয়েছে।

$$\frac{1}{2}(14 + 4x) = 5(x - 2) + 2$$

x-এর কোন মান সমীকরণটিকে সিদ্ধ করে?

A $2\frac{1}{7}$

B 5

C $6\frac{1}{3}$

D 7

থামুন

গ্রেড 8

গণিত পরীক্ষা

সেশন 1

বসন্ত 2026

Grade 8

Mathematics Test

Session 1

Spring 2026

নাম: ____________________________________

Bengali Edition
Grade 8 2026
Mathematics Test
Session 2
Spring 2026

নিউ ইয়র্ক রাজ্যের পরীক্ষাগ্রহণ কার্যক্রম গণিত পরীক্ষা সেশন 2

গ্রেড 8

বসন্ত 2026

RELEASED QUESTIONS

Developed and published under contract with the New York State Education Department by NWEA, a division of HMH, 125 High St., Boston, MA 02110. Copyright © 2026 by the New York State Education Department.

সেশন 2

পরীক্ষা দেবার কিছু পরামর্শ

তুমি যাতে সবচেয়ে ভালো করতে পারো সেজন্য এখানে কিছু ধারণা দেওয়া হলো:

- প্রতিটি প্রশ্ন মনোযোগ সহকারে পড়ো। সময় নাও।
- তোমার প্রশ্নের উত্তর দিতে যদি প্রয়োজন হয় তাহলে তোমাকে দেওয়া রুলার, চাঁদা, রেফারেন্স শিট ও ক্যালকুলেটর ব্যবহার করো।
- যদি চাওয়া হয় তাহলে তোমার কাজ দেখাতে ভুল করো না।
- জানতে চাওয়া হলে অবশ্যই তোমার উত্তর ব্যাখ্যা করো।

33 x-এর কোন মান $x^3 = 8$ সমীকরণটিকে সিদ্ধ করে?

A 2

B 4

C 11

D 24

34 নিচের কোন বিক্ষিপ্ত অঙ্কনটি ধনাত্মক একরৈখিক অনুষঙ্গ সহ ডেটা উপস্থাপন করে?

A



C



B



D



চলতে থাকুন

35 নিচের চিত্রটিতে একটি দোকান, একটি বাড়ি ও একটি পেট্রোল পাম্পের মানচিত্র দেখানো হয়েছে। বাড়ির ঠিক উত্তরে 12 মাইল দূরে একটি দোকান রয়েছে। বাড়ির ঠিক পূর্ব দিকে 16 মাইল দূরে একটি পেট্রোল পাম্প রয়েছে।



দোকান ও পেট্রোল পাম্পের মধ্যে দূরত্ব কত মাইল?

A 14

B 20

C 28

D 56

36 নিচে একটি সমীকরণ দেখানো হয়েছে।

$$2(4x + 5) = 5(2x + 1) - 2x$$

সমীকরণ সম্পর্কে নিচের কোন বিবৃতিটি সঠিক?

A সমীকরণটির কোনো সমাধান নেই।

B সমীকরণটির কেবলমাত্র একটি সমাধান, $x = \frac{5}{2}$।

C সমীকরণটির কেবলমাত্র একটি সমাধান, $x = \frac{5}{4}$।

D সমীকরণটির অসীম সংখ্যক সমাধান রয়েছে।

37 নিচের কোন মান সারণি y-কে x-এর একটি একরৈখিক ফাংশন হিসেবে প্রদর্শন করে?

A

x	y
2	4
4	16
6	36
8	64

B

x	y
2	8
4	64
6	216
8	512

C

x	y
2	8
4	32
6	72
8	128

D

x	y
2	6
4	10
6	14
8	18

38 A, B, C, ও D বিন্দুগুলো নিচে দেখানো সংখ্যারেখায় আঁকা হয়েছে।



কোন বিন্দুটি $\sqrt{10}$-এর **সেরা** আনুমানিক মানকে দেখায়?

A বিন্দু A

B বিন্দু B

C বিন্দু C

D বিন্দু D

চলতে থাকুন

40 **এই প্রশ্নের ক্রেডিট 1।**

একটি কোনের উচ্চতা 12 ইঞ্চি এবং ব্যাসার্ধ 3.2 ইঞ্চি। কোনের আয়তন ঘন ইঞ্চিতে, নিকটতম দশমাংশ ঘন ইঞ্চিতে পূর্ণ সংখ্যায় কত?

উত্তর __________________ ঘণ ইঞ্চি

চলতে থাকুন

41 **এই প্রশ্নের ক্রেডিট 1।**

একটি সন্নিবেশ সমতলে ত্রিভুজ ABC আঁকা হয়েছে। শীর্ষবিন্দুগুলির স্থানাঙ্ক নিচে তালিকাভুক্ত করা হয়েছে।

- $A\ (6, -4)$
- $B\ (-3, 8)$
- $C\ (-9, 3)$

ত্রিভুজ ABC-কে মূলবিন্দু কেন্দ্র করে $\frac{1}{3}$ মানের স্কেল ফ্যাক্টর দিয়ে প্রসারণ করা হয়েছে, যার ফলে ত্রিভুজ $A'B'C'$ তৈরি হয়েছে। প্রসারণের পরে C' শীর্ষবিন্দুর স্থানাঙ্ক কত?

উত্তর ___________________

চলতে থাকুন

43 **এই প্রশ্নের ক্রেডিট 2।**

একজন ছাত্র নিচে দেখানো দুটি রাশির জন্য একটি অসম্পূর্ণ তুলনামূলক বিবৃতি লিখেছে।

$$(16^5)^4 \bigcirc 16^8 \cdot 16^{12}$$

সূচকের বৈশিষ্ট্য ব্যবহার করে ব্যাখ্যা করো যে প্রদত্ত তুলনাটিকে সত্য প্রমাণ করতে বৃত্তে কোন চিহ্ন $>$, $<$ বা $=$ বসানো হবে।

তোমার উত্তর ব্যাখ্যা করো।

____

____

____

চলতে থাকুন

44

এই প্রশ্নের ক্রেডিট 2।

শন একটি পথে তার সাইকেল চালাচ্ছে। পথের শুরু থেকে তার দূরত্ব সময়ের একটি ফাংশন হিসেবে নিচের গ্রাফে দেখানো হয়েছে।



গ্রাফের কোন অংশগুলিতে (যদি থাকে) এমন এক সময় দেখানো হয়েছে, যখন শন বিশ্রাম নিচ্ছিল এবং তার বাইক চালাচ্ছিল না?

তোমার উত্তর ব্যাখ্যা করো।

___

___

___

চলতে থাকুন

45

এই প্রশ্নের ক্রেডিট 2।

জ্যাকলিন একটি বাক্স তৈরি করেছে, যা সমকোণী আয়তক্ষেত্রাকার প্রিজমের আকারের। এটির মাপ হলো দৈর্ঘ্য 20.5 ইঞ্চি, প্রস্থ 13.5 ইঞ্চি, এবং উচ্চতা 10 ইঞ্চি। ঘন ইঞ্চিতে এই বাক্সের আয়তন কত?

তোমার কাজ দেখাও।

উত্তর ________________ ঘণ ইঞ্চি

চলতে থাকুন

46 **এই প্রশ্নের ক্রেডিট 2।**

একজন কফি শপ ম্যানেজার নভেম্বর মাসে বিক্রির পূর্বাভাস দেওয়ার জন্য অক্টোবর মাসে দৈনিক উচ্চ তাপমাত্রা ও প্রতিদিন বিক্রি হওয়া কফির কাপের সংখ্যা ট্র্যাক করেন। ম্যানেজার এই উপাত্তটি অক্টোবরে দৈনিক বিক্রি হওয়া কফি কাপের সংখ্যা y এবং দৈনিক তাপমাত্রা x, ফারেনহাইট ডিগ্রিতে এর মধ্যে সম্পর্ককে $y = -2.3x + 187$ সমীকরণ দিয়ে মডেল করার জন্য ব্যবহার করেছেন। এই মডেলের ভিত্তিতে, যদি নভেম্বর মাসের কোনো দিনের সর্বোচ্চ তাপমাত্রা $60°\text{F}$ হয়, তাহলে সেই দিনে কত কাপ কফি বিক্রি হবে বলে ম্যানেজার পূর্বাভাস দিতে পারেন?

তোমার কাজ দেখাও।

উত্তর __________________ কাপ

চলতে থাকুন

47

এই প্রশ্নের ক্রেডিট 2।

জ্যাক একটি বৃত্তাকার পাটি ক্রয় করলো যার পরিধি 5.5π ফুট। নিকটতম বর্গফুটে পাটির ক্ষেত্রফল কত?

তোমার কাজ দেখাও।

উত্তর ________________ বর্গ ফুট

চলতে থাকুন

48 **এই প্রশ্নের ক্রেডিট 3।**

বন্ধুদের একটি গ্রুপ ওয়াটার টিউবিং-এ যাওয়ার খরচ তুলনা করছে। দুটি কোম্পানি, স্প্ল্যাশ জোন ও টিউব টাইম -এর খরচ গ্রুপের সদস্য সংখ্যার সাথে সমানুপাতিক যা নিচের টেবিল ও রেখচিত্রে দেখানো হয়েছে।

স্প্ল্যাশ জোন

মানুষের সংখ্যা, *x*	**খরচ, *c***
3	$33.75
4	$45.00
5	$56.25
6	$67.50

টিউব টাইম



8 জন বন্ধুর জন্য টিউবিং-এ যাওয়ার খরচের মধ্যে দুটি কোম্পানির পার্থক্য কত? তোমার উত্তরে অবশ্যই কীভাবে টেবিল ও রেখচিত্রের মানগুলো ব্যবহার করা হয়েছে তা থাকতে হবে।

তুমি কীভাবে তোমার উত্তর বের করেছো তা ব্যাখ্যা করো।

থামুন

গ্রেড 8

গণিত পরীক্ষা

সেশন 2

বসন্ত 2026

Grade 8

Mathematics Test

Session 2

Spring 2026

THE STATE EDUCATION DEPARTMENT

THE UNIVERSITY OF THE STATE OF NEW YORK / ALBANY, NY 12234

2026 Mathematics Tests Map to the Standards

Grade 8

Question	Type	Key	Points	Standard	Cluster	Subscore	Secondary Standard(s)
Session 1							
1	Multiple Choice	D	1	NGLS.Math.Content.NY-8.G.3	Geometry	Geometry	
2	Multiple Choice	B	1	NGLS.Math.Content.NY-8.EE.5	Expressions and Equations	Expressions and Equations	
3	Multiple Choice	D	1	NGLS.Math.Content.NY-8.EE.1	Expressions and Equations	Expressions and Equations	
4	Multiple Choice	D	1	NGLS.Math.Content.NY-8.SP.3	Statistics and Probability	Statistics and Probability	
5	Multiple Choice	B	1	NGLS.Math.Content.NY-8.NS.1	Number Systems		NGLS.Math.Content.NY-8.EE.2
6	Multiple Choice	C	1	NGLS.Math.Content.NY-8.G.9	Geometry	Geometry	
7	Multiple Choice	D	1	NGLS.Math.Content.NY-8.G.6	Geometry	Geometry	
8	Multiple Choice	A	1	NGLS.Math.Content.NY-8.EE.6	Expressions and Equations	Expressions and Equations	
10	Multiple Choice	D	1	NGLS.Math.Content.NY-8.G.4	Geometry	Geometry	
11	Multiple Choice	D	1	NGLS.Math.Content.NY-8.F.1	Functions	Functions	
12	Multiple Choice	B	1	NGLS.Math.Content.NY-8.EE.7a	Expressions and Equations	Expressions and Equations	
13	Multiple Choice	C	1	NGLS.Math.Content.NY-7.G.2	Geometry	Geometry	
14	Multiple Choice	A	1	NGLS.Math.Content.NY-8.F.3	Functions	Functions	
15	Multiple Choice	A	1	NGLS.Math.Content.NY-8.EE.1	Expressions and Equations	Expressions and Equations	
17	Multiple Choice	D	1	NGLS.Math.Content.NY-8.G.4	Geometry	Geometry	NGLS.Math.Content.NY-8.G.5
18	Multiple Choice	C	1	NGLS.Math.Content.NY-8.F.5	Functions	Functions	
19	Multiple Choice	C	1	NGLS.Math.Content.NY-8.F.4	Functions	Functions	
20	Multiple Choice	B	1	NGLS.Math.Content.NY-8.EE.6	Expressions and Equations	Expressions and Equations	
21	Multiple Choice	A	1	NGLS.Math.Content.NY-8.EE.7b	Expressions and Equations	Expressions and Equations	
22	Multiple Choice	D	1	NGLS.Math.Content.NY-8.G.2	Geometry	Geometry	
23	Multiple Choice	C	1	NGLS.Math.Content.NY-7.G.5	Geometry	Geometry	
25	Multiple Choice	B	1	NGLS.Math.Content.NY-8.G.1b	Geometry	Geometry	
26	Multiple Choice	C	1	NGLS.Math.Content.NY-8.F.4	Functions	Functions	
27	Multiple Choice	B	1	NGLS.Math.Content.NY-8.F.2	Functions	Functions	
29	Multiple Choice	B	1	NGLS.Math.Content.NY-8.G.1a	Geometry	Geometry	
30	Multiple Choice	D	1	NGLS.Math.Content.NY-8.F.1	Functions	Functions	
31	Multiple Choice	A	1	NGLS.Math.Content.NY-8.G.5	Geometry	Geometry	
32	Multiple Choice	B	1	NGLS.Math.Content.NY-8.EE.7b	Expressions and Equations	Expressions and Equations	
Session 2							
33	Multiple Choice	A	1	NGLS.Math.Content.NY-8.EE.2	Expressions and Equations	Expressions and Equations	
34	Multiple Choice	B	1	NGLS.Math.Content.NY-8.SP.1	Statistics and Probability		
35	Multiple Choice	B	1	NGLS.Math.Content.NY-8.G.7	Geometry	Geometry	
36	Multiple Choice	A	1	NGLS.Math.Content.NY-8.EE.7a	Expressions and Equations	Expressions and Equations	
37	Multiple Choice	D	1	NGLS.Math.Content.NY-8.F.3	Functions	Functions	
38	Multiple Choice	C	1	NGLS.Math.Content.NY-8.NS.2	Number Systems		
40	Constructed Response		1	NGLS.Math.Content.NY-8.G.9	Geometry	Geometry	
41	Constructed Response		1	NGLS.Math.Content.NY-8.G.3	Geometry	Geometry	
43	Constructed Response		2	NGLS.Math.Content.NY-8.EE.1	Expressions and Equations	Expressions and Equations	
44	Constructed Response		2	NGLS.Math.Content.NY-8.F.5	Functions	Functions	
45	Constructed Response		2	NGLS.Math.Content.NY-7.G.6	Geometry	Geometry	
46	Constructed Response		2	NGLS.Math.Content.NY-8.SP.3	Statistics and Probability		
47	Constructed Response		2	NGLS.Math.Content.NY-7.G.4	Geometry	Geometry	
48	Constructed Response		3	NGLS.Math.Content.NY-8.EE.5	Expressions and Equations	Expressions and Equations	

*This item map is intended to identify the primary analytic skills necessary to successfully answer each question. However, some questions measure proficiencies described in multiple standards, including a balanced combination of procedural and conceptual understanding.